

প্রেস বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০০৬.২০১৭(অংশ-১)-৯৬

তারিখ : ০৩ জুলাই ২০১৮

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “সিনিয়র স্টাফ নার্স” (১০ম গ্রেড) এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের “সিনিয়র স্টাফ নার্স” [(১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ : ১০.০৮.২০১৭, বিজ্ঞপ্তি নং-৭১, অনলাইন] এর শূন্য পদে ০৯.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত MCQ Type লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমাদানকারী এবং কমিশন কর্তৃক কাগজপত্র পুনঃ পর্যালোচনান্তে নিম্নেবর্ণিত যোগ্য ঘোষিত রেজিঃ নম্বরধারী ১০ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
১৮.০৭.২০১৮ বুধবার সময়-১০.০০ টা	011607 012496 014162 015325 015503 015590 300052 300188 700057 700155 = 10 জন

০২. “সিনিয়র স্টাফ নার্স” (১০ম গ্রেড) পদের প্রার্থীদের নামে নতুন করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না, MCQ Type লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

০৩. মৌখিক পরীক্ষার অংশগ্রহণকারী উপরোক্ত প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট থেকে মূল আবেদনপত্র [বিপিএসসি ফরম-৩] ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন ও ০১ সেট জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের মূল ও সত্যায়িত কপি।
- বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নিবন্ধন সনদের মূল ও সত্যায়িত কপি।
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রের (NID) মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি জমা দিতে হবে। জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে তা পুনঃপ্রাপ্তির যথাযথ পদ্ধতি অনুসরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টস ও কাগজপত্র সহ কমিশনকে লিখিতভাবে জানাতে হবে।
- Applicant's Copy.
- MCQ Type লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল ও সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৪. মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা হবে না।
০৫. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৬. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোক্রমে তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

[আ. ই. ম নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)